


বাংলাদেশ

বৈশ্বিক শান্তি সূচকে সাত ধাপ এগোল বাংলাদেশ

প্রথম আলো ডেস্ক



অস্ট্রেলিয়ার সিডনিভিত্তিক আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান ইনস্টিটিউট অব ইকোনমিকস অ্যান্ড পিস বৈশ্বিক শান্তি সূচক প্রকাশ করেছে

বৈশ্বিক শান্তি সূচকে সাত ধাপ এগিয়েছে বাংলাদেশ। বিশ্বের ১৬৩টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান এবার ৯১তম।

বৃহস্পতিবার অস্ট্রেলিয়ার সিডনিভিত্তিক আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান ইনস্টিটিউট অব ইকোনমিকস অ্যান্ড পিস বৈশ্বিক শান্তি সূচক-২০২১ প্রকাশ করেছে। প্রতিষ্ঠানটি নিরাপত্তা,

By using this site, you agree to our Privacy Policy. OK

সুরক্ষা, সামরিকীকরণ এবং চলমান সংঘাতের মতো ছয়টি বিষয় বিবেচনায় নিয়ে এ সূচক তৈরি করে।

২০২১ সালের বৈশ্বিক শান্তি সূচক (জিপিআই) অনুযায়ী বাংলাদেশের স্কোর হয়েছে ২ দশমিক শূন্য ৬৮। শান্তিপূর্ণ দেশের তালিকায় বাংলাদেশ ৯১তম স্থানে উঠে এসেছে। আগের বছর এ তালিকায় বাংলাদেশের অবস্থান ছিল ৯৭তম।

তালিকা অনুযায়ী, দক্ষিণ এশিয়ায় শান্তিতে বাংলাদেশের অবস্থান তৃতীয়। শান্তির দিক থেকে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের আগে রয়েছে নেপাল ও ভুটান।

এশিয়ায় সবচেয়ে শান্তিপূর্ণ দেশ সিঙ্গাপুর। বিশ্বে তাদের অবস্থান একাদশতম।

তালিকা অনুযায়ী, বিশ্বের সবচেয়ে বেশি শান্তির দেশ আইসল্যান্ড, তাদের স্কোর ১ দশমিক ১। এরপর রয়েছে নিউজিল্যান্ড (স্কোর ১ দশমিক ২৫৩)। তৃতীয় অবস্থানে ডেনমার্ক (১ দশমিক ২৫৬), চতুর্থ পর্তুগাল (স্কোর ১ দশমিক ২৬৭), পঞ্চম স্লোভেনিয়া (স্কোর ১ দশমিক ৩১৫), ষষ্ঠ অস্ট্রিয়া (স্কোর ১ দশমিক ৩১৭), সপ্তম সুইজারল্যান্ড (স্কোর ১ দশমিক ৩২৩), অষ্টম আয়ারল্যান্ড (স্কোর ১ দশমিক ৩২৬), নবম চেক প্রজাতন্ত্র (স্কোর ১ দশমিক ৩২৯) এবং দশম স্থানে রয়েছে কানাডা (স্কোর ১ দশমিক ৩৩)।

প্রতিবেদন অনুযায়ী, সবচেয়ে অশান্তির দেশ আফগানিস্তান। তালিকায় ১৬৩তম অবস্থানে থাকা সার্কের এ সদস্যদেশের স্কোর হয়েছে ৩ দশমিক ৬৩১। অশান্তির দিক দিয়ে তালিকায় ১৪ নম্বরে রয়েছে পাকিস্তান। ১৫০তম অবস্থানে থাকা পাকিস্তানের স্কোর ২ দশমিক ৮৬৮। আর প্রতিবেশী দেশ ভারতের অবস্থান ১৩৫তম, তাদের স্কোর ২ দশমিক ৫৫৩।

তালিকায় খারাপ অবস্থানে রয়েছে ইসরায়েলও। তাদের অবস্থান হয়েছে ১৪১তম, স্কোর হয়েছে ২ দশমিক ৬৩৩। ইসরায়েলের দমন-পীড়নে থাকা ফিলিস্তিনিরা রয়েছেন তাদের চেয়ে ভালো অবস্থানে। তালিকায় তাঁদের অবস্থান ১৩৮তম, স্কোর ২ দশমিক ৬১।



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ২০২১ প্রথম আলো